৫০ টি চাঁদাবাজি মামলা করার হুমকির কল রেকর্ড

২৪ জুলাই দুপুর আড়াইটার দিকে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিনকে মোবাইলে ফোন করে ৫০টি চাঁদাবাজি মামলা করার হুমকি দিলেন মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু। কিন্তু দিন না যেতেই ওই রাতেই মেহেরপুর সদর থানা মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর বিরুদ্ধে মিথ্যা চাঁদাবাজির অভিযোগ করলেন তার ক্লিনিক ম্যানেজারকে দিয়ে। অভিযোগে তিনি জানান, মাহাবুব চান্দু ২৪ জুলাই দুপুর সাড়ে ১২টার দিকে তার মায়ের হাসি ক্লিনিকে গিয়ে চাঁদা দাবি করেছেন।

প্রকৃত সত্য হলো, মাহাবুব চান্দু ও মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন দুজনেই গিয়েছিলেন মেহেরপুর মা ও শিশু হাসপাতাল (মেটার্নিটি) ও পরিবার পরিকল্পনা বিভাগের ডিডির কার্যালয়ে। কারণ মা ও শিশু হাসপাতালে চাকরি করেন মোতাচ্ছিম বিল্লাহ মতুর মেয়ে ডা. রুমানা হেলালী জুসি। তিনি গত মে মাস থেকে মাতৃকালীন ছুটিতে আছেন। কিন্তু অভিযোগ রয়েছে, তিনি ছুটিতে থাকলেও মায়ের হাসি ক্লিনিকে নিয়মিত সিজারিয়ান অপারেশন করছেন এ ব্যাপারে অনুসন্ধান করতে এবং তার উর্দ্ধতন কর্তৃপক্ষের বক্তব্য নিতে। মাহাবুব চান্দুর ওই যাওয়াকে কেন্দ্র করে যাতে সংবাদ প্রকাশ করা না হয় সেকারণে তিনি সম্পাদককে চাঁদাবাজি মামলার হুমকি দেন এবং রাতে থানায় মাহাবুব চান্দুর বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেন। পরদিন ২৫ জুলাই মঙ্গলবার সন্ধ্যায় আমাদের অর্থনীতির সাংবাদিক মাসুদ রানা ও জবাবদিহীর সাংবাদিক এ সিদ্দিকী শাহিন মায়ের হাসি ক্লিনিকের ফটকের সামনে ছবি তুলতে গেলে মালিক মোতাচ্ছিম বিল্লাহ মতু ও তার ছেলে মুত্তাকী বিল্লাহ শাফিন শাহিনের মোবাইল ছিনিয়ে নেয় এবং তাদের দুজনকে লাঞ্ছিত করে। অপরদিকে, ছায়াতদন্তে অভিযোগের সত্যতা না পেয়ে থানা সে অভিযোগ আমলে নেয়নি বলে সদর থানার ওসি সাইফুল ইসলাম মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাংবাদিকদের নিশ্চিত করেছেন।
উল্লেখ্য, মাহাবুব চান্দু কোনদিনই তার মায়ের হাসি ক্লিনিকে যাননি।

এদিকে মেহেরপুর প্রতিদিন সম্পাদক নিজের ও তার স্টাফদের নিরাপত্তার স্বার্থে গত বুধবার সন্ধ্যায় সদর থানায় একটি জিডি

করেন।

মেহেরপুর প্রতিদিনের সম্পাদককে মোবাইল আলাপন ও হুমকি দেওয়ার অডিওটি শুনলে পাঠকরা পরিস্কার হবেন।

বিস্তারিত শুনুন নিচের লিংকে:

মেহেরপুর পৌরসভার উদ্যোগে মশক নিধন অভিযান

মেহেরপুর পৌরসভার উদ্যোগে মশক নিধন অভিযান ও ডেঙ্গু রোধে সচেতনামূলক উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর পৌরসভার ৬নং ওয়ার্ড ক্যাশবপাড়ায় মশক নিধন অভিযান ও ডেঙ্গু রোধে সচেতনামূলক উঠান বৈঠকের আয়োজন করা হয়।

মশক নিধন অভিযান ও ডেঙ্গু রোধে সচেতনামূলক উঠান বৈঠকে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৬নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেডিকেল অফিসার ডা. মো: ইনজামাম-উল- হক, ভুট্টো, মধু, মো: জোহা সহ মেহেরপুর পৌর ৬নং ওয়ার্ড ক্যাশবপাড়ার এলাকাবাসী এ সময় উপস্থিত ছিলেন।

মুজিবনগরে দুইদিন ব্যাপি সাহিত্যমেলা ও কবিতা উৎসবের উদ্বোধন

বাংলা একাডেমির সমন্বয়ে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতা ও জাতীয় গ্রন্থকেন্দ্রের সহযোগিতায় উপজেলা পর্যায়ের সাহিত্যিকদের সূষ্টিকর্ম জাতীয় পর্যায়ে তুলে ধারার লক্ষ্যে মুজিবনগরে দুইদিন ব্যাপি সাহিত্য মেলা ও কবিতা উৎসব শুরু হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার দুপুরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুইদিন ব্যাপি এই সাহিত্য মেলার শুভ উদ্বোধন ঘোষনা করেন মেহেরপুর ১ আসনের সাংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

জেলা প্রসাশক শামীম হাসানের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক আব্দুল কাদির মিয়া, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্মসাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমান হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন,

উপজেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক জাহিদ হাসান রাজিবের সঞ্চালনায় বক্তব্য দেন মেহেরপুর সরকারি কলেজের প্রফেসর বিশিষ্ট সাহিত্যিক আল-আমিন ধুমকেতু, উপজেলা বিশিষ্ট কবি আনোয়ারুল আইয়ুব।

উদ্বোধন শেষে বিকেলে উপজেলা পর্যায়ের বিভিন্ন কবি, সাহিত্যিক ও প্রাবন্ধিকদের উপস্থিতিতে লেখক কর্মশালা ও সাহিত্য আড্ডা অনুষ্ঠিত হয়েছে।

সকালে মুজিবনগর উপজেলার সাহিত্য কবিতা উৎসব উপলক্ষে সাহিত্যিক কবিদের রেজিস্ট্রেশন করা হয় উপজেলায় সাহিত্য মেলা কবিতা উৎসবে ৬টি ক্যাটাগরিতে ১০৬ জন রেজিস্ট্রেশন সম্পন্ন করেন।

[redacted]

[redacted]

[illegible]



[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলী আঙ্গুর সহ জেলার ইলেকট্রনিক্স ও প্রীন্ট মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

পরে প্রেস ক্লাবে আলোচনসভার আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন পত্রিকারি জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান। স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা প্রতিনিধি রাকিবুল ইসলাম কবি। বক্তব্য রাখেন, মেহরপুর প্রেস ক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক। গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি ওমর ফারক প্রিন্স, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুবুল আলম, মুজিবনগর উপজেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক শেখ শফি সহ সাংবাদিকবৃন্দ।

বক্তারা বলেন, আজকের পত্রিকা প্রতিনিয়তই এগিয়ে যাচ্ছে। আগামীতে আরো জনস্বার্থে বিষয়ক নিউজ পত্রিকাটি বেশি বেশি করবে। সমাজের অসঙ্গতি তুলে ধরবে।

এ সময় প্রেস ক্লাব ও সাংবাদিকদের পক্ষ থেকে আজেকের পত্রিকার জেরা প্রতিনিধিকে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

সাবেক মেয়র মতুর বিরুদ্ধে মেহেরপুর প্রতিদিনের সম্পাদকের জিডি

মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র ও মায়ের হাসি ক্লিনিকের মালিক মোতাচ্ছিম বিল্লাহ মতুর বিরুদ্ধে সাধারণ ডায়েরি (জিডি) করেছেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

গতকাল সন্ধ্যায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন সদর থানায় হাজির হয়ে এ জিডি করেন। যার নম্বর-১৩৯১।

জিডিতে সম্পাদক বলেন, গত ২৪ জুলাই সোমবার দুপুরে তিনি মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে প্রতিদিনের ন্যায় দাপ্তরিক কাজ করছিলেন। ওই সময় মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু তার

ব্যবহৃত ০১৭৩২-৯৪৪০৭০ মোবাইল নম্বর থেকে মেহেরপুর প্রতিদিনের সম্পাদকের ০১৩০৫-২১৭৫৮৮ অফিসিয়াল মোবাইল নম্বরে ফোন করেন।

এসময় স্বাভাবিক কথাবার্তা চলার এক পর্যায়ে তিনি হুমকি দিয়ে বলেন তার মেয়ে ডা. রুমানা জুসির বিরুদ্ধে কোন নিউজ প্রকাশ করলে ৫০টি চাঁদাবাজি মামলার হুমকি প্রদান করেন এবং শারিরীকভাবে ক্ষতি করার হুমকি দিয়ে ফোন কেটে দেন। যার অডিও রেকর্ড মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে সংরক্ষিত রয়েছে। নিরাপত্তার স্বার্থে এ জিডি করা হয়েছে।

মেহেরপুরে ৬ মাসের সাজাপ্রাপ্তসহ ৮ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ আসামিকে গ্রেফতার করেছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত(রিকল)সিআর মামলায় ২, জিআর মামলায় ২ ও মাদক মামলায় ১ জন, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ জন ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ মাসের সাজাপ্রাপ্ত ১ আসামি গ্রেফতার করেছে।

বুধবার দিবাগত রাতভর দুটি উপজেলার বিভিন্ন এলাকায় পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ওসি সাইফুল ইসলাম ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ বৃহস্পতিবার (২৭ জুলাই) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে আমগাছ থেকে পড়ে যুবকের মৃত্যু

গাংনীতে আম গাছ থেকে পড়ে হাসিবুল ইসলাম (১৬) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

আজ বুধবার (২৭ জুলাই) সকাল ১১ টায় উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের হিন্দা গ্রামে আম গাছের শুকনা ডাল কাটতে গিয়ে এ ঘটনা ঘটে। নিহত হাসিবুল ইসলাম হিন্দা গ্রামের শহীদ উদ্দিনের ছেলে।

নিহতের স্বজনরা জানিয়েছেন, বাড়ির পাশে একটি আম গাছে উঠে শুকনো ডাল কাটার সময় অসাবধানতাবশত গাছ থেকে পড়ে গুরুতর আহত হয়।

আহত অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

গাংনী হাসপাতালের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক লায়লা আফরোজ জানান, হাসিবুল ইসলামকে মৃত অবস্থায় হাসপাতালে নিয়ে আনা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আব্দুর রাজ্জাক এই ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

মেহেরপুরে র্যাবের অভিযানে ২৩ পিস ইয়াবাসহ গ্রেফতার ২

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-মেহেরপুর ক্যাম্পের একটি দল গাংনী পৌরসভার বসুন্ধরাপাড়া মোঃ ইদ্রিস আলীর বাড়িতে অভিযান চালিয়ে মাদক সেবন অবস্থায় ২৩ পিস ইয়াবা ট্যাবলেটসহ ২ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

এরা হলেন, -চেংগাড়া গ্রামের পশ্চিমপাড়ার মোঃ সামছুল আরেফিন মন্ডলের ছেলে মোঃ ফয়সাল হোসেন(২৭) ও একই উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের মৃত সিরাজুল ইসলাম মন্ডলের ছেলে মোঃ আরিফ ইসলাম(২৫)। সিপিসি-মেহেরপুর কমান্ডার, র্যাব-১২ এর
সহকারী পুলিশ সুপার
মোঃ মনিরুজ্জামানের নেতৃত্বে গতকাল বুধবার
(২৬ জুলাই) দিবাগত রাতে র্যাবের একটি টিম
গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলা শহরের
বসুন্ধরাপাড়ার মোঃ ইদ্রিস আলীর বাড়িতে
অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছে ২৩ পিস ইয়াবা ট্যাবলেট, দুই টি মোবাইল ফোনসহ মাদক সেবনের বিভিন্ন উপকরণ জব্দ করা হয়।
এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

